জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
জেলা ঃ রাজশাহী

সভাপতি ঃ এস. এম. আব্দুল কাদের
জেলা প্রশাসক, রাজশাহী
স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজশাহী
তারিখ ঃ ১৭/০২/২০১৯ খ্রি.
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা

আলোচনা - ১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনা -২ ঃ ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, চলতি ফেব্রুয়ারী/১৯ মাসের রাজশাহী জেলায় ৮৮২৯ মে.টন ইউরিয়া, ১২৭০ মে.টন টিএসপি, ২২৮৪ মে.টন এমওপি এবং ২৮০৪ মে.টন ডিএপি সার বরাদ্দ পাওয়া গেছে। অদ্য পর্যন্ত জেলায় বিসিআইসি সার ডিলার ও খুচরা সার বিক্রেতাদের নিকট ইউরিয়া মজুদ ২৪৭১ মে.টন, উত্তোলনযোগ্য ইউরিয়া সারের পরিমাণ ৪৯৯৭ মে.টন; টিএসপি সারের মজুদ ৮৫৫ মে.টন, উত্তোলনযোগ্য টিএসপি সারের পরিমাণ ১১৪৩ মে.টন; এমওপি সারের মজুদ ১৩২১ মে.টন, উত্তোলনযোগ্য এমওপি সারের পরিমাণ ৩২১৪ মে.টন এবং ডিএপি সারের মজুদ ১৫১৭ মে.টন ও উত্তোলনযোগ্য ডিএপি সারের পরিমাণ ৪০৯৮ মে.টন। অদ্য রাজশাহী বাফার গুদামে মজুদ আছে ৮৮২৭ মে.টন ইউরিয়া সারের মজুদ রয়েছে। বিএডিসি'র গুদামে টিএসপি ৩৫২৭ মে.টন, এমওপি ১৯৪৪ মে.টন এবং ডিএপি ৩৮০৭মে.টন সার মজুদ রয়েছে। জেলায় যথেষ্ট সার মজুদ থাকায় বর্তমানে সারের কোন সমস্যা নেই। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ৮০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ১২৫০/- টাকা দরে বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ৩০১৫ মে.টন, টিএসপি ৭৫৫ মে.টন, এমওপি ১৩১৯ মে.টন এবং ডিএপি ১৫১৭ মে.টন। সভাপতি সকল ডিলারগণকে নিদ্দিষ্ট সময়ের মধ্যেই সার উত্তোলনের জন্য অনুরোধ জানান। উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ সকল সার ডিলারগণকে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রুত উত্তোলন এবং সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

আলোচনা -২ ঃ অতিরিক্ত ইউরিয়া সারের চাহিদা।

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জানান, রাজশাহী জেলায় চলতি বোরো মৌসুমের ধান রোপন চলমান রয়েছে। চলতি মৌসুমে জেলায় ধান আবাদের লক্ষ্যমাত্র ধরা হয়েছে ৬৫১২৫ হেঃ। এছাড়া খরিফ-১ মৌসুমে ভুট্টার আবাদ বৃদ্ধির সম্ভাবনা থাকায় অতিরিক্ত ইউরিয়া সারের প্রয়োজন। উপজেলাসমুহ থেকে অতিরিক্ত ইউরিয়া সারের চাহিদা পাওয়া সাপেক্ষে অতিরিক্ত ইউরিয়া সারের চাহিদা পত্র প্রেরণের জন্য উপস্থিত সকলে মত প্রকাশ করেন। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলাসমুহ হতে অতিরিক্ত ইউরিয়া সারের চাহিদা পাওয়া গেলে জেলার অনুকুলে অতিরিক্ত ইউরিয়া সার বরাদ্দ প্রদানের জন্য সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবরে পত্র প্রদানের সিদ্ধন্ত গৃহীত হয়। এ বিষয়ে উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ, রাজশাহী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্য সচিব জানান, উপজেলা পর্যায়ে এডিপি-এর ফান্ড থেকে উপজেলা পরিষদের মাধ্যমে কৃষকের উৎপাদিত বিভিন্ন ফসলের সম্ভাবনাময় নতুন জাতের বীজ সরাসরি ক্রয় করে দ্রুত সম্প্রসারণের লক্ষে কৃষকদের বিনামূল্যে বিতরণের ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানান। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এস. এম. আব্দুল কাদের
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০৭২১-৭৭২০৫০(অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,রাজশাহী

স্মারক নং ১২.০১.৮১০০.০০০.৪০.৭১৪.১২-৩৪৩(৫৫) তারিখ ঃ ২৪/২/১৯ খ্রিঃ

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ ঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১০. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
১২. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১৩. জেলা প্রশাসক, রাজশাহী।
১৪. পুলিশ সুপার, রাজশাহী।
১৫. -৫৫.

....(কমিটির সকল সদস্য)
....
....

২৪/২/১৯

উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০৭২১-৭৬১৫০৩

২৪/২/১৯

F:\Monir\Monir\Seed Fert. Meetting\Seed & Farti. 2018-2019.doc